

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা

নং- ৩৫.০০.০০০০.০১৫.২০.০১৯.১২- ৬০

তারিখ : ০৫.০১.২০১৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বর্তমান ২০১২-২০১৩ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুময়ন রাজস্ব বাজেটে সড়ক, সেতু ও মহাসড়ক কোডে (কোড নং-৪৯৩৬) ৯৮০.৯৪৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে বর্তমান অর্থবছরে (২০১২-২০১৩) কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করতে হবে। এ অর্থ হতে কোনভাবেই অনুচ্ছেদ-২ থেকে অনুচ্ছেদ-৪ এর ব্যতিক্রম ছাড়া পূর্ববর্তী কোন অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত ও সম্পাদিত কাজের বিল পরিশোধ করা যাবে না।

২। পিএমপি (সড়ক) উপখাতে ২০১১-২০১২ অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বর্তমান অর্থবছরে (২০১২-২০১৩) সমাপ্তির জন্য নির্ধারিত আছে সে সকল কাজের বিল ২০১২-২০১৩ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

৩। পিএমপি (সেতু) উপখাতে ২০১১-২০১২ অর্থবছরে যে সকল কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ঠিকাদারের সাথে সম্পাদিত মূল চুক্তি অনুযায়ী কাজসমূহ বর্তমান অর্থবছরে (২০১২-২০১৩) সমাপ্তির জন্য নির্ধারিত আছে সে সকল কাজের বিল ২০১২-২০১৩ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে পরিশোধ করা যাবে।

তবে পিএমপি (সেতু) উপখাতে অনুচ্ছেদ- ৩ এ বর্ণিত কাজের বিল পরিশোধের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখে অবশিষ্ট অর্থ থেকে প্রথমে ২০০৯-২০১০ অর্থবছরে সমাপ্তকৃত ব্রীজ/কালভার্টের অপরিশোধিত বিল সরেজমিনে যাচাইপূর্বক পরিশোধ করা যাবে এবং ২০১০-২০১১ অর্থবছর হতে পরবর্তী সময়ের সমাপ্ত ও চলমান কাজের বিলও পরিশোধ করা যাবে।


৪। পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও সেতু, জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং রুটিন মেইনটেন্যান্স উপখাতত্রয়ের শুধুমাত্র ২০১১-২০১২ অর্থবছরে কার্যাদেশ প্রদত্ত যে সকল কাজ একই অর্থবছরে সমাপ্ত হয়েছে এবং বর্তমান অর্থবছরে চলমান রয়েছে কিন্তু বিল অপরিশোধিত রয়েছে সে সকল কাজের বিল পরিশোধ করা যাবে।

৫। বর্তমান অর্থবছরের বরাদ্দকৃত অর্থ হতে উপরোক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন বিল পরিশোধ করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে বিল প্রদানকারী কর্মকর্তার উপর বর্তাবে।

৬। চলমান অর্থবছরে (২০১২-২০১৩) উপরোক্ত নির্দেশনা অনুসরণে বিল পরিশোধের পর কোন অর্থ অব্যয়িত থাকলে তা তাৎক্ষণিকভাবে সড়ক বিভাগকে অবহিত করতে হবে এবং সড়ক বিভাগের সম্মতি নিয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৭। সড়ক বিভাগের ০৬.০৮.২০১২ তারিখের ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ- ১)- ৩১২ সংখ্যক অফিস আদেশ এবং ০৮.১১.২০১২ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.২০.০১৯.১২- ৫০৪ সংখ্যক স্মারকের প্রদত্ত নির্দেশনা এ অফিস আদেশে প্রতিফলিত হওয়ায় বর্ণিত অফিস আদেশ ও স্মারক এতদ্বারা বাতিল করা হল।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ দেলোয়ার হোসেন)
উপ-সচিব
ফোন : ৯৫১৪০৭৫।

বিতরণ :

(ক) কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ব্রীজ ম্যানেজমেন্ট উইং), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা।

(খ) জ্ঞাতার্থে :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, সড়ক বিভাগ (অফিস আদেশটি সড়ক বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।
- ৫। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।